Website এ প্রকাশের অনুরোধ
AME (ICT DTCA)
03/12/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট শাখা
www.rthd.gov.bd

## বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৭-১১-২০১৮ খ্রিষ্টাব্দ |
| সময় | : | বিকেল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মসচিব (বাজেট ও অডিট) সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ইতোমধ্যে Annual Performance Agreement Management System (APAMS) সফটওয়্যারে দাখিল করা হয়েছে। পরবর্তীতে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে স্মারক নং- ০৪.০০.০০০০.৮৪১.১৬.০০২.১৮.৩৬ তারিখ: ১৩.১১.২০১৮ মূলে এ বিভাগের এপিএ টিম কর্তৃক পরিবীক্ষণ ও বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পর্যালোচনাপূর্বক সমন্বিত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে, অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান জনাব সফিকুল ইসলাম এর সভাপতিত্বে ২৫.১১.২০১৮ তারিখ অনুষ্ঠিত সভায় এ বিভাগের কর্মসম্পাদন সূচকসমূহের বিপরীতে ত্রৈমাসিক অর্জনসমূহ পরিবীক্ষণ করা হয়। যুগ্মসচিব (বাজেট ও অডিট) জানান, অর্থ বিভাগ হতে জারীকৃত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সম্পর্কিত পরিপত্রের দিক নির্দেশনা অনুসরণপূর্বক ২৫.১১.২০১৮ তারিখে বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) সভা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের ১ম কোয়ার্টারের রাজস্ব প্রাপ্তি লক্ষ্যমাত্রার চেয়ে বেশী হলেও পরিচালন ও উন্নয়ন ব্যয় এর ক্ষেত্রে লক্ষ্যমাত্রা সার্বিকভাবে অর্জন করা সম্ভব হয়নি। তবে সওজ অধিদপ্তর ও বিআরটিএ'র রাজস্ব প্রাপ্তি লক্ষ্যমাত্রার চেয়ে বেশী হয়েছে।

২. এ পর্যায়ে এ বিভাগের অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান জনাব সফিকুল ইসলাম জানান মন্ত্রিপরিষদ বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত অংশের ৫০টি কর্মসম্পাদন সূচক রয়েছে। তন্মধ্যে, এপিএ বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী ৩৫টি কর্মসম্পাদন সূচক ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর'১৮) লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। অবশিষ্ট ১৫টি কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা আংশিক অর্জিত হয়েছে। তিনি ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন অনুযায়ী (১৮'সেপ্টেম্বর-জুলাই) কোয়ার্টারভিত্তিক লক্ষ্যমাত্রা'র বিপরীতে আংশিক অর্জিত ১৫টি কর্মসম্পাদন সূচকসমূহ নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

(চলমান পাতা/২ দ্রষ্টব্য)

| কর্মসম্পাদন সূচক | একক | ভিত্তি বছর (২০১৬-১৭) | প্রকৃত অর্জন (২০১৭-১৮) | লক্ষ্যমাত্রা (জুলাই'১৮-জুন'১৯) | লক্ষ্যমাত্রা (জুলাই'-সেপ্টে'১৮) | প্রকৃত অর্জন (জুলাই'-সেপ্টে'১৮) | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|---|---|---|
| [১.১.১] বাস্তবায়িত পদ্মা লিংক মহাসড়ক নির্মান প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ২১ | ৬০ | ৮০ | ৫ | ০ | সওজ অধিদপ্তর |
| [১.১.২] বাস্তবায়িত সাসেক প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ২৮ | ৪৩ | ৬৮ | ৬২৫. | ১১৮. | |
| [১.২.১] পুনঃনির্মিত মহাসড়ক | কিলোমিটার | - | ১৩৮ | ১৪০ | ৩৫ | ২৫৫১. | |
| [১.৫.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | কিলোমিটার | - | ২১৭০ | ২৭৫০ | ৬৮৭৫০. | ৪০৪০০. | |
| [১.৬.১] বাস্তবায়িত কেএমজি (২য়) প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ২০ | ৪৫ | ৯০ | ১১২৫. | ৬০০. | |
| [১.৬.২] বাস্তবায়িত পায়রা সেতুপ্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ১৭ | ২৫ | ৫৪ | ৭২৫. | ১৪৪. | |
| [১.৮.১] মনিটরিং টিমের ভিজিট | সংখ্যা | - | ৯০ | ৯৫ | ২৪ | ১০ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| [২.২.১] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | - | ৫১০. | ৫৭৫. | ১৪৪. | ১৩৮. | বিআরটিএ |
| [৩.৪.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সংখ্যা | - | ৬০ | ৬০ | ১৫ | ৫ | |
| [৩.৫.৩] মহাসড়কের আন্তঃবাঁক এ অপসারণকৃত দৃষ্টি প্রতিবন্ধক | কিলোমিটার | - | - | ৫০০ | ১২৫ | ৫৩৫৫. | সওজ অধিদপ্তর |
| [১.১.৪] বাস্তবায়িত এমআরটি লাইন-৬ প্রকল্প [ক্রমপুঞ্জীভূত] | শতাংশ | ১ | ১৫ | ৩০ | ৩৭৫. | ২০০. | ডিএমটিসিএল |
| [১.৪.৪] বাস্তবায়িত বিআরটি প্রকল্প (ক্রমপুঞ্জীভূত) | শতাংশ | - | ২৪ | ৪২ | ৪৫. | ০২০. | সওজ অধিদপ্তর |
| [৫.২.২] পরিবহনকৃত মালামাল | পরিমাণ (হাজার টন) | - | - | ১৬০ | ৪০ | ২৮৬. | বিআরটিসি |
| [৫.৩.১] বিআরটিসি'র নিজস্ব সংগৃহীত রাজস্ব | কোটি টাকা | - | - | ৬১০ | ১৭৭. | ৬১০৯. | |
| [৬.১.১] সম্পাদিত গবেষণা/সমীক্ষা | সংখ্যা | - | - | ৪ | | | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |

২.১ উপস্থাপিত প্রতিবেদন পর্যালোচনার পর কৌশলগত উদ্দেশ্য অংশের ৩৫টি কর্মসম্পাদনসূচক শতভাগ অর্জিত হওয়ায় সভাপতি বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। একই সাথে অবশিষ্ট ১৫টি কর্মসম্পাদন সূচকের অর্জন আংশিক হওয়ায় বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রধান/প্রতিনিধিগণের নিকট এর কারণ জানতে চান।

(চলমান পাতা/৩ দ্রষ্টব্য)

২.২ সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জানান যে, জুলাই-সেপ্টেম্বর কোয়ার্টার বর্ষাকাল ও বৃষ্টিপাত থাকায় ৮টি কর্মসম্পাদন সূচক লক্ষ্যমাত্রা'র বিপরীতে শতভাগ অর্জন করা সম্ভব হয়নি। তিনি বলেন, এপিএ বাস্তাবায়ন পরিকল্পনায় কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবতার নিরীখে নির্ধারণ করা আবশ্যক। প্রধান প্রকৌশলীর বক্তব্যের প্রেক্ষিতে, অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা গাণিতিকভাবে নির্ধারণ না করে বরং মাঠ পর্যায়ের বাস্তবতা পর্যালোচনাপূর্বক নির্ধারণ করা সমীচীন।

২.৩ সভাপতি বলেন, কর্মসম্পাদন চুক্তি'র বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রথম কোয়ার্টার থেকেই সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সচেতন ও তৎপর হওয়া জরুরি। তিনি বলেন, প্রথম কোয়ার্টার ইতোমধ্যে শেষ হয়েছে এবং দ্বিতীয় কোয়ার্টারও শেষের দিকে। এ বিবেচনায় বার্ষিক অর্জন শতভাগ নিশ্চিত করার নিমিত্ত বাস্তব ভিত্তিতে লক্ষ্যমাত্রা পুর্নবিন্যাসসহ মাঠ পর্যায়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের জন্য সভাপতি সংস্থা/দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।

২.৪ চেয়ারম্যান, বিআরটিসি জানান যে আগামী মার্চ/এপ্রিল মাসে বিআরটিসি'র বহরে নতুন গাড়ী সংযোজিত হলে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হবে।

২.৫ ডিএমটিসিএল এর প্রতিনিধি জানান, প্রথম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা আংশিক অর্জিত হলেও চলমান কাজের বর্তমান অবস্থা বিবেচনায় এপিএ'র বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সম্পূর্ণ আশাবাদী।

২.৬ পরিকল্পনা অনুবিভাগের যুগ্মপ্রধান, জনাব মোঃ জাকির হোসেন জানান যে চারটি সংস্থা'র জন্য চারটি পৃথক গবেষণা/সমীক্ষা'র কাজ চলমান আছে এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের সমীক্ষা'টি সবচেয়ে অগ্রসর অবস্থায় আছে। তিনি আরও জানান যে, পিপিপি বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে এবং দ্বিতীয় কোয়ার্টারের শেষ দিকে প্রশিক্ষণের আয়োজন করা হবে।

২.৭ বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

(ক) **বাস্তব অবস্থার ভিত্তিতে লক্ষ্যমাত্রা পুনর্বিন্যাসের লক্ষ্যে এপিএ টিম প্রধান প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।**

(খ) **১ম কোয়ার্টারে যে সকল কর্মসম্পাদন সূচকের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল সূচকের কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সংস্থা প্রধানগণ কার্যকরী উদ্যোগ গ্রহণ করবেন।**

(গ) **উপরোক্ত সিদ্ধান্তের আলোকে এ বিভাগের ত্রৈমাসিক অগ্রগতি সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।**

৩. অতিরিক্ত সচিব (বাজেট) জনাব মোঃ আব্দুল মালেক এ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার চলতি ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) অনুসারে ১ম কোয়ার্টারের রাজস্ব প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয় সংক্রান্ত বাস্তব অগ্রগতিসমূহ উপস্থাপন করেন।

(চলমান পাতা/৪ দ্রষ্টব্য)

৩.১ **রাজস্ব প্রাপ্তি:**

(অংকসমূহ হাজার টাকায়)

| দপ্তর/সংস্থার নাম | মোট | ১ম কোয়ার্টার | | ২য় কোয়ার্টার লক্ষ্যমাত্রা | ৩য় কোয়ার্টার লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়ার্টার লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন (%) | | | |
| সড়ক ও জনপথ অধিদপ্তর | ৭০০,১০,০০ | ২০১,৭৭,৪১ | ২১০,৩৩,৯৩ (১০৪%) | ১৪৮,৬৭,৪৬ | ১৮১,২০,০২ | ১৬৮,৪৫,১১ |
| বিআরটিএ | ১৮৩৪,১৪,০০ | ৫০১,৩৮,৯৭ | ৫০৯,৪১,৬৪ (১০১.৫৮%) | ৪৭১,০১,০৬ | ৪৫৫,৪৪,১৮ | ৪০৬,১৯,৭৯ |
| সচিবালয় | ১০,০০ | ২৩২ | ২২৬ (৯৭.৪১%) | ২৪২ | ২৪৭ | ২৭৯ |
| **সর্বমোট=** | ২৫৩৪,৩৪,০০ | ৭০৩,২৮,৭০ | ৭১৯,৭৭,৮৩ (১০২.৩৪%) | ৬১৯,৭০,৯৪ | ৬৩৬,৬৬,৬৭ | ৫৭,৪৬৭,৬৯ |

৩.১.১ সভাপতি উপস্থাপিত প্রতিবেদন পর্যালোচনা করে সওজ অধিদপ্তর ও বিআরটিএ লক্ষ্যমাত্রার তুলনায় অধিক রাজস্ব আহরণ করায় ধন্যবাদ জানান এবং এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। ১ম কোয়ার্টারে সচিবালয় অংশের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় অবশিষ্ট অংশ ২য় ও ৩য় কোয়ার্টারে স্থানান্তরের পরামর্শ প্রদান করেন।

৩.১.২ সিদ্ধান্ত: **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার কোয়ার্টার ভিত্তিক রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ণ অনুমোদন করা হয়।**

(অংকসমূহ হাজার টাকায়)

| দপ্তর/সংস্থার নাম | মোট | ১ম কোয়ার্টার | | ২য় কোয়ার্টার লক্ষ্যমাত্রা | ৩য় কোয়ার্টার লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়ার্টার লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন (%) | | | |
| সড়ক ও জনপথ অধিদপ্তর | ৭০০,১০,০০ | ২০১,৭৭,৪১ | ২১০,৩৩,৯৩ (১০৪%) | ১৪৮,৬৭,৪৬ | ১৮১,২০,০২ | ১৬৮,৪৫,১১ |
| বিআরটিএ | ১৮৩৪,১৪,০০ | ৫০১,৩৮,৯৭ | ৫০৯,৪১,৬৪ (১০১.৫৮%) | ৪৭১,০১,০৬ | ৪৫৫,৪৪,১৮ | ৪০৬,১৯,৭৯ |
| সচিবালয় | ১০,০০ | ২৩২ | ২২৬ (৯৭.৪১%) | ২৪৫ | ২৫০ | ২৭৯ |
| **সর্বমোট=** | ২৫৩৪,৩৪,০০ | ৭০৩,২৮,৭০ | ৭১৯,৭৭,৮৩ (১০২.৩৪%) | ৬১৯,৭০,৯৪ | ৬৩৬,৬৬,৬৭ | ৫৭,৪৬৭,৬৯ |

৩.২ **পরিচালন ব্যয়**

৩.২.১ অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে জানান যে, পরিচালন ব্যয়ের ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা (ডিটিসিএ ব্যতীত) ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। সচিবালয় ৯০%, সওজ অধিদপ্তর ৭৮.৫২%, বিআরটিএ ৯২.৭৮%। এ বিভাগের সার্বিক অর্জন লক্ষ্যমাত্রার ৮১.৪১%। প্রধান প্রকৌশলী, সওজ সভাকে জানান যে পরিচালন ব্যয়ের একটি উল্লেখযোগ্য অংশ সড়ক রক্ষণাবেক্ষণ খাতে ব্যয় হয়। কিন্তু ১ম কোয়ার্টারে বৃষ্টিপাত ও বর্ষার কারণে কার্যক্রম শুরু করা যায়নি। তিনি জানান যে, ২য় কোয়ার্টারের শুরু থেকেই মূলতঃ পুরোদমে কার্যক্রম শুরু হয়েছে। সভাপতি ২য় কোয়ার্টার থেকে দ্রুত গতিতে কাজ শুরু করায় প্রধান প্রকৌশলী কে ধন্যবাদ জানানোর পাশাপাশি কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে সমাপ্তির লক্ষ্যে মনিটরিং জোরদারকরণ ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করেন। একইসাথে তিনি বাস্তব অবস্থার প্রেক্ষিতে, সওজ অধিদপ্তরে-কে ১ম কোয়ার্টারে অব্যয়িত অংশসহ ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা কমিয়ে ৩য় কোয়ার্টারে স্থানান্তরপূর্বক ব্যয় বিভাজন পুনর্নির্ধারণের নির্দেশনা প্রদান করেন। অনুরূপভাবে, সভাপতি বিআরটিএ কে ১ম কোয়ার্টারে অব্যয়িত অংশ ২য় কোয়ার্টারে ও সচিবালয় অংশের অব্যয়িত অংশ ৩য় কোয়ার্টারে স্থানান্তরপূর্বক ব্যয় বিভাজনের নির্দেশনা প্রদান করেন।

(চলমান পাতা/৫ দ্রষ্টব্য)

৩.২.২ সিদ্ধান্ত: **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা নিম্নোক্ত ছকাকারে নির্ধারণ করে অনুমোদন করা হয়।**

(অংকসমূহ হাজার টাকায়)

| দপ্তর/সংস্থার নাম | মোট | ১ম কোয়ার্টার | | ২য় কোয়ার্টার লক্ষ্যমাত্রা | ৩য় কোয়ার্টার লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়ার্টার লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন (%) | | | |
| সড়ক ও জনপথ অধিদপ্তর | ৩২০০,০০,০০ | ৩৮৭,৯২,৪৯ | ৩০৪,৬০,০০ (৭৮.৫২%) | ৪৫০,০০,০০ | ৯৮২,৯৮,৩৩ | ১৪৬২,৪১,৬৭ |
| বিআরটিএ | ৩১৩,৮৮,০০ | ৯৪,১৬,৪০ | ৮৭,৩৬,৮৮ (৯২.৭৮%) | ৮৫,২৬,৫২ | ৭৮,৪৭,০০ | ৬২,৭৭,৬০ |
| ডিটিসিএ | ৩০,০০,০০ | ১,১২,৩০ | ১,১২,৩০ (১০০%) | ৭,৪১,০৭.৫ | ৭,৪০,২৪.৫ | ১৪,০৬,৩৮ |
| সচিবালয় | ১৯,০০,০০ (১,০০,০০ সরক্ষিত) | ৩,৭০,৯৬ | ৩,৩০,২০ (৯০%) | ৪,০৯,৪৩ | ৪,৬১,৩৯ | ৫,৯৮,৯৮ |
| **সর্বমোট=** | ৩৫৬২,৮৮,০০ | ৪৮৬,৯২,১৫ | ৩৯৬৩৯৩৮ | ৫৪৬,৭৭,০২.৫ | ১০৭৩,৪৬,৯৬.৫ | ১৫৪৫,২৪,৬৩ |

৩.৩ **উন্নয়ন ব্যয়**

৩.৩.১ অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে সওজ অধিদপ্তর, ডিটিসিএ, ডিএমটিসিএল ও বিআরটিসি'র জন্য যথাক্রমে ১ম কোয়ার্টারে ২০% (সকল সংস্থা), ২য় কোয়ার্টারে ২৫%, ৩০%, ৩০% ও ২০%, ৩য় কোয়ার্টারে ৩১%, ৪৬%, ৪৫%, ৩৫% এবং ৪র্থ কোয়ার্টারে ৪০%, ২০%, ২০% ও ২৫% হিসেবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। এ বিভাগের কোন দপ্তর/সংস্থা ১ম কোয়ার্টারের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। মোট বরাদ্দের বিপরীতে সওজ অধিদপ্তর ৪.০০%, ডিটিসিএ ৩.৭৪%, ডিএমটিসিএল ৪.৯৬%, বিআরটিসি ০.০৩% । সভাপতি ২য় ও ৩য় কোয়ার্টারে ১ম কোয়ার্টারে অব্যয়িত অংশ স্থানান্তরসহ বাস্তব অবস্থার প্রেক্ষিতে পুনর্বিন্যাস পূর্বক লক্ষ্যমাত্রা পুন:নির্ধারণের পরামর্শ প্রদান করেন।

৩.৩.২ সিদ্ধান্ত: **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের উন্নয়ন ব্যয় নিম্নের ছক মোতাবেক ৪ কোয়ার্টারে বিভক্ত করে অনুমোদন করা হয়।**

(অংকসমূহ হাজার টাকায়)

| দপ্তর/সংস্থার নাম | মোট | ১ম কোয়ার্টার | | ২য় কোয়ার্টার লক্ষ্যমাত্রা | ৩য় কোয়ার্টার লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়ার্টার লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন (%) | | | |
| সড়ক ও জনপথ অধিদপ্তর | ১৫,৭০৩,১৬,০০ | ৩১৪২,০৪,৬০ (২০%) | ৬১০,৮০,০০ (৪%) | (২৬%) | (৩০%) | (৪০%) |
| ডিটিসিএ | ৫৩,৮১,০০ | ১০,৮৬,০০ (২০%) | ২,০৩,০০ (৩.৭৪%) | (৩০%) | (৪৬%) | (২০.২৬%) |
| ডিএমটিসিএল | ৩,৯০২,৫০,০০ | ৭৮০,৫০,০০ (২০%) | ১৯৩,৫৫,০০ (৪.৯৬%) | (২০%) | (৪৫%) | (৩০.০৪%) |
| বিআরটিসি | ৫০৪,২৬,০০ | ১০০,৮৫,২০ (২০%) | ১৫,০০ (০.০৩%) | (১৯.৯৭%) | (৪৫%) | (৩৫%) |
| সচিবালয় | ৬৫৩,৬৩,০০ | - | - | - | - | - |
| **সর্বমোট=** | ২০,৮১৭,৩৬,০০ | ৪,০৩৪,২৫,৮০ | ৮০৬,৫৩,০০ | - | - | - |

(চলমান পাতা/৬ দ্রষ্টব্য)

**৪. ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরের জন্য অতিরিক্ত অর্থের চাহিদা**

৪.১ যুগ্মপ্রধান জনাব মোঃ জাকির হোসেন জানান যে ঢাকা-মাওয়া-ভাঙ্গা মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্পটি জুন'২০১৯ এর মধ্যে সমাপ্তকরণের জন্য নির্ধারিত থাকায় এ প্রকল্পের অনুকূলে অতিরিক্ত ৪,০০০ কোটি টাকা প্রয়োজন। তিনি আরও জানান যে, এমআরটি লাইন-৬ নির্মাণ প্রকল্প, ক্রস বর্ডার প্রকল্প, ভূলতা ফ্লাইওভার নির্মাণ প্রকল্প ও গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক উন্নয়ন (১০টি গুচ্ছ প্রকল্প) প্রকল্পের বিপরীতে অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে। তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণপূর্বক আরও জানান যে ফরিদপুর-বরিশাল, ঢাকা-সিলেট মহাসড়ক চার লেনে উন্নয়নের জন্য ভূমি অধিগ্রহণ প্রকল্প দুটি সম্প্রতি অনুমোদিত হওয়ায় প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। বর্ণিত প্রকল্পসমূহের অনুকূলে অতিরিক্ত প্রায় ২০০০ কোটি টাকা বরাদ্দ রাখা প্রয়োজন।

৪.২ সভায় উপস্থিত অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে সভাপতি বলেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুকূলে ২০১৮-২০১৯ অর্থবছরের উন্নয়ন বাজেটে ২০৮১৭.৩৬ কোটি টাকা বরাদ্দ আছে। চলতি অর্থবছরে উল্লেখযোগ্য সংখ্যক গুরুত্বপূর্ণ নতুন প্রকল্প অনুমোদিত হয়েছে। অদ্যাবধি এ অর্থবছরে ৪৩টি নতুন প্রকল্প অনুমোদিত হয়ে মোট চলমান প্রকল্প সংখ্যা দাড়িয়েছে ১৮৮টি। আগামী ২০১৯-২০ অর্থবছরে বেশ কয়েকটি জনগুরুত্বপূর্ণ ও মেগা প্রকল্পের কাজ পূর্ণমাত্রায় চলমান থাকবে। তাছাড়া বেশ কিছু নতুন প্রকল্প অন্তর্ভূক্ত হবে বিধায় সার্বিক পরিস্থিতি বিবেচনায় এ বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের জন্য ৩৯,৩২৮.৩৪ কোটি টাকার বাজেট প্রক্ষেপণ করা হয়েছে।

৪.৩ সভায় উপস্থিত অর্থ বিভাগের প্রতিনিধি উপসচিব (বাজেট-১৬) বলেন যে,

(i) ১ম কোয়ার্টারের বাস্তবায়ন পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় অগ্রগতি আশাব্যঞ্জক নয়। ফলে কোয়াটার ভিত্তিক পরিকল্পনাটি পুনর্বিন্যাস করা প্রয়োজন।

(ii) বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারের অবশিষ্ট অর্থ অন্যান্য কোয়ার্টারে বিভাজনের প্রয়োজন রয়েছে। এ ক্ষেত্রে ৪র্থ কোয়ার্টারের অতিরিক্ত অর্থের সংস্থান না রাখাই ভাল। কারণ ৪র্থ কোয়ার্টার অর্থের Quality expenditure অনেক ক্ষেত্রে নিশ্চিতকরণ সম্ভব হয় না।

(iii) ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেট এর কাজ শুরু হয়েছে। কিন্তু এখন পর্যন্ত উল্লেখযোগ্য কোন অতিরিক্ত অর্থের চাহিদা এ বিভাগ হতে পাওয়া যায়নি। তিনি দ্রুত চাহিদা প্রেরণের অনুরোধ করেন।

৪.৪ সিদ্ধান্তঃ

**ক) চলতি ২০১৮-১৯ অর্থবছরে উন্নয়ন খাতে অতিরিক্ত ৬০০০ কোটি টাকা বরাদ্দের জন্য অর্থ বিভাগে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করতে হবে;**

**খ) ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট প্রক্ষেপণে এ বিভাগের জন্য ৩৯,৩২৮ কোটি ৩৪ লক্ষ টাকা বরাদ্দ রাখার জন্য অর্থ বিভাগ'কে অনুরোধ করা হল।**

**গ) চলতি ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রকৃত চাহিদা নিরুপণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধিগণের সমন্বয়ে আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে একটি সভা আয়োজন করতে হবে।**

আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯.১১.২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

D:\badget new letter\BMC সভার কার্যবিবরনী-১৫\২৬-১১-২০১৫ তারিখ (BMC) সভার কার্যবিবরণী (১ম কোয়ার্টার) .docx

নং-৩৫.০০.০০০০.০৪৭.২০.০১৭.১৬-২৪৫

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, আইএমইডি, শেরে-এ-বাংলা নগর, ঢাকা
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-এ-বাংলা নগর,ঢাকা
৩. সদস্য, কার্যক্রম বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা
৪. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: জনাব মোঃ মিজানুর রহমান, উপসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-১) অধিশাখা]
৫. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৬. অতিরিক্ত সচিব (বাজেট, এস্টেট, উন্নয়ন, আইন, আরবান ট্রান্সপোর্ট, প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৭. অতিরিক্ত সচিব (বাজেট-৫), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮. ব্যবস্থাপনা পরিচালক, Dhaka Mass Transit Company Limited (DMTCL), প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৯. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১০. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
১১. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বিআরটিএ ভবন, বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন (বিআরটিসি), পরিবহণ ভবন, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা।
১৩. যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৪. উপসচিব (বাজেট-১৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপসচিব (ডিটিসিএ,অডিট,ঢাকা বিআরটি)/উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম, কার্যক্রম ও এডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৭. সিনিয়র সহকারী প্রধান (বৈদেশিক সহায়তা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

(আনোয়ার হোসেন চৌধুরী)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৫৩২৩
ই-মেইল: sasbudget@rthd.gov.bd

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রণালয়।
২. অফিস কপি।